**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**

**মুখপাত্র**

**www.sec.gov.bd**

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৮০

তারিখঃ ১৩ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বিএসইসি চেয়ারম্যানের সাথে ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (আইসিএসবি)'র সৌজন্য সাক্ষাৎ।**

অদ্য ২৯ অক্টোবর ২০২৫ রোজ বুধবার রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে বিএসইসির সভা কক্ষে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ এর সাথে ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (আইসিএসবি)'র নবনির্বাচিত প্রেসিডেন্ট হোসেন সাদাত এফসিএস ও আইসিএসবি'র প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ ও পরিচিতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

এসময় দেশের পুঁজিবাজারের প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণ ও আধুনিক ব্যবস্থাপনা কাঠামো গঠনের বিষয়ে আলোচনা হয়। দেশের পুঁজিবাজারের সুশাসন বৃদ্ধি এবং বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষা ও তাদের আস্থা বৃদ্ধির বিষয়টিও সভায় আলোচিত হয়। এক্ষেত্রে আইসিএসবি'র কার্যক্রমকে আরও গতিশীল ও আন্তর্জাতিক মানে উন্নীত করার বিষয়টি সভায় গুরুত্বারোপ করা হয়।

উক্ত সৌজন্য সাক্ষাৎ-এ বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার ফারজানা লালারুখ, নির্বাহী পরিচালক মোঃ আনোয়ারুল ইসলাম ও পরিচালক মোঃ মনসুর রহমান বিএসইসি'র পক্ষ হতে উপস্থিত ছিলেন। আইসিএসবি'র পক্ষ হতে প্রেসিডেন্ট হোসেন সাদাত এফসিএস, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মো. রফিকুল ইসলাম এফসিএস, ভাইস প্রেসিডেন্ট মো. শরীফ হাসান এফসিএস এবং সেক্রেটার ইন চার্জ ও সিনিয়র নির্বাহী পরিচালক (অর্থ ও প্রশাসন) মোঃ শামিবুর রহমান এফসিএস উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৯/১০/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

